ফরেন এক্সচেঞ্জ পলিসি ডিপার্টমেন্ট-১
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফইপিডি-১ সার্কুলার পত্র নম্বর-০৬

তারিখ: বৈশাখ ১৬, ১৪৩৩ / এপ্রিল ২৯, ২০২৬

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।


**ঔষধ প্রশাসন অধিদপ্তরের নিবন্ধন/পূর্বানুমোদন ব্যতীত সাপ্লিমেন্ট জাতীয় পণ্য আমদানির জন্য LC/TT খোলা সংক্রান্ত নির্দেশনা প্রদান প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর স্বাস্থ্য সেবা বিভাগ, ঔষধ প্রশাসন-১ শাখার ২১ এপ্রিল ২০২৬ তারিখের ৪৫.০০.০০০০.১৮২.৯৯.০০২.২৪(অংশ).১১৪ নম্বর স্মারকটি আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে সংযোজন করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (এফইপিডি-১)
ফোনঃ ৯৫৩০১২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ঔষধ প্রশাসন-১ শাখা
www.hsd.gov.bd

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৮২.৯৯.০০২.২৪ (অংশ).১১৪ তারিখ: ~~০৮ বৈশাখ ১৪৩৩~~ / ২১ এপ্রিল ২০২৬

বিষয়: ঔষধ প্রশাসন অধিদপ্তরের নিবন্ধন/পূর্বানুমোদন ব্যতীত সাপ্লিমেন্ট জাতীয় পণ্য আমদানির জন্য LC/TT খোলা সংক্রান্ত নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

সূত্র: ডিজিডিএ/বিবিধ-৩/০৩/১৯৮, তারিখ: ০৫/০৪/২০২৬

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'ঔষধ ও কসমেটিকস আইন, ২০২৩' অনুযায়ী ডায়েটারি সাপ্লিমেন্ট, হারবাল সাপ্লিমেন্ট, নিউট্রিশনাল সাপ্লিমেন্ট, মেডিকেল নিউট্রিশন/খেরাপিউটিক নিউট্রিশন এবং সম্পূরক পথ্যজাতীয় পণের উৎপাদন, আমদানি, রপ্তানি, বিক্রয় ও বিতরণ কার্যক্রম পরিচালনার জন্য ঔষধ প্রশাসন অধিদপ্তরের নিবন্ধন অথবা পূর্বানুমোদন গ্রহণ বাধ্যতামূলক। উক্ত আইনের বিধান লঙ্ঘনপূর্বক এ ধরনের পণ্য আমাদনি বা বিপণন করা দন্ডনীয় অপরাধ।

২। এতদসত্ত্বেও কিছু আমদানিকারক প্রতিষ্ঠান ঔষধ প্রশাসন অধিদপ্তরের নিবন্ধন বা পূর্বানুমোদন গ্রহণ ব্যতিরেকেই বিদেশ হতে বিভিন্ন প্রকার সাপ্লিমেন্ট জাতীয় পণ্য আমদানি করেছে। এ প্রেক্ষিতে কাস্টমস কর্তৃপক্ষ উক্ত নিবন্ধন/পূর্বানুমোদন ব্যতীত পণ্য খালাস না করায় সংশ্লিষ্ট আমদানিকারকগণ মাননীয় হাইকোর্ট বিভাগে পৃথক পৃথক রিট মামলা দায়ের করেন। দায়েরকৃত রীট মামলাসমূহে বিজ্ঞ আদালত কাস্টমস, কর্তৃকপক্ষকে পণ্য খালাস করার জন্য নির্দেশনা প্রদান করেন। তদপ্রেক্ষিতে কাস্টমস কর্তৃপক্ষ মহামান্য সুপ্রীমকোর্টের আপিল বিভাগে আপিল করেন। পরবর্তীতে মাননীয় আপিল বিভাগ "in accordance with law" শর্তে পণ্য খালাসের নির্দেশনা প্রদান করেন।

৩। এমতাবস্থায়, জনস্বার্থ এবং আইনের সঠিক প্রয়োগ নিশ্চিতকল্পে, ঔষধ প্রশাসন অধিদপ্তরের নিবন্ধন সনদ বা পূর্বানুমোদন ব্যতীত সাপ্লিমেন্ট জাতীয় পণ্য আমাদানির জন্য Letter of Credit (LC) বা Telegraphic Transfer (TT) না খোলার বিষয়ে ঔষধ প্রশাসন অধিদপ্তর হতে প্রাপ্ত অনুরোধ পত্রটি প্রেরণপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

21/4/2026
মো. কায়ছার রহমান
উপসচিব
ফোন- ০২-৫৫১০০৪৪২
E-mail: drugad1@gmail.com

গভর্নর
বাংলাদেশ ব্যাংক
মতিঝিল বা/এ, ঢাকা।

স্মারক নং- ৪৫.০০.০০০০.১৮২.৯৯.০০২.২৪ (অংশ).১১৪/১(৭) তারিখ: ০৮ বৈশাখ ১৪৩৩ / ২১ এপ্রিল ২০২৬

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা
৩. মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২. মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ।
৫. অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ
৬. যুগ্মসচিব (ঔষধ প্রশাসন অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ
৭. অফিস কপি

21/4/2026
মো. কায়ছার রহমান